# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রচন্ড গরমের সময় সালাত দেরি করে আদায় করার নির্দেশটি গ্রীষ্মপ্রধান দেশে প্রযোজ্য

ذِكْرُ الْأَمْرِ بِالْإِبْرَادِ بِالصَّلَاةِ فِي شِدَّةِ الْحَرِّ فِي الْبُلْدَانِ الْحَارَّةِ

---

আরবী

1505 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ قَالَ: حَدَّثَنِي اللَّيْثُ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ وَأَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا اشْتَدَّ الْحَرُّ فَأَبْرِدُوا عَنِ الصَّلَاةِ فَإِنَّ شِدَّةَ الحر من فيح جهنم)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1505 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (431) , ((الروض)) (1049)

বাংলা

১৫০৫. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন প্রচন্ড উত্তাপ হবে, তখন তোমরা (এই সময়ে যোহরের) সালাতকে শীতল করে (বিলম্বে) আদায় করবে। কেননা নিশ্চয়ই এই উত্তাপ জাহান্নামের শ্বাস থেকে আসে।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬১৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৪৯; মুসনাদ আহমাদ: ২/২৬৬; মুসনাদুশ শাফে'ঈ: ১/৪৮; হুমাইদী: ৯৪২; সহীহ বুখারী: ৫৩৬; ইবনুল জারূদ: ১৫৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৬১; সহীহ ইবনু খুযাইমাহ: ৩২৯; ইবনু মাজাহ: ৬৭৭; তাহাবী: ১/১৮৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90820

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন